

## চলতি বছরের নোবেল শান্তি পুরস্কার বিজয়ে ড: মুহাম্মদ ইউনুস এবং গ্রামীণ ব্যাংক-কে অভিনন্দন

ড্যান সুলিভান  
অর্থনৈতিক ও বাণিজ্য বিষয়ক সহকারী সচিব

নোবেল কমিটি সম্প্রতি মুহাম্মদ ইউনুসকে নোবেল শান্তি পুরস্কার প্রদান করেছে। এই ঘটনা আমাদেরকে এটা স্মরণ করিয়ে দিচ্ছে যে ক্ষুদ্র ঋণ অর্থনৈতিক উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনে কতটা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বিশ্বায়নের এই যুগে আমরা অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনের দ্বৈত চ্যালেঞ্জ মোকাবিলা করছি।

যুক্তরাষ্ট্র দীর্ঘ দিন যাবত ড: ইউনুসের অসামান্য কর্মকাণ্ডকে সমর্থন করে আসছে। ১৯৬৫ সালে একজন তরুণ অর্থনীতিবিদ হিসেবে ভ্যাডারবিল্ট বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি অধ্যয়নের জন্য পররাষ্ট্র দফতর একটি ফুলব্রাইট বৃত্তি প্রদান করে। ক্ষুদ্র ঋণ উন্নয়ন ত্রিশ বছরের অধিক সময় ধরে যুক্তরাষ্ট্রের বৈদেশিক সহায়তার একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিবেচিত হয়ে আসছে। যুক্তরাষ্ট্র সহায়তা কর্মসূচীর মাধ্যমে 'মাইক্রো অ্যান্ড স্মল এন্টারপ্রাইজেস' (এমএসইএস) প্রকল্প-কে সমর্থন দিয়ে আসছে যার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠী অর্থনৈতিক এবং ব্যবসায় সেবা পেতে পারে; বাজার সুবিধা পেতে পারে; এবং ব্যবসা উন্নয়নে অংশ গ্রহণ করতে পারে। বিশ্বব্যাপী ক্ষুদ্র উদ্যোগ উন্নয়নে যুক্তরাষ্ট্র অগ্রগামী দ্বিপাক্ষিক দাতার ভূমিকা পালন করে আসছে। এই উদ্যোগের একটি অংশ হচ্ছে ক্ষুদ্র ব্যবসায় উদ্যোগে অর্থায়ন। গত বছর আমরা ক্ষুদ্র ব্যবসায় উদ্যোগ খাতে ২১ কোটি ১০ লাখ ডলার সহায়তা প্রদান করেছি। এই তহবিল ব্যাঙ্ক, বেসরকারী উৎস এবং বহুমুখী সংগঠনগুলোর কর্মকাণ্ডে অনুঘটকের ভূমিকা পালন করেছে। এর ফলে বিশ্বের দরিদ্রতম জনগণের ব্যবসায় উদ্যোগের জন্য অধিক পরিমাণ সম্পদ লাভ করা সম্ভব হয়েছে।

যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (ইউএসএআইডি) বিশ্বব্যাপী ৩৮ লাখ উদ্যোক্তা ও মানুষের সংসারে ক্ষুদ্র ব্যবসায় উদ্যোগের জন্য অর্থায়ন করে থাকে। 'ইউএসএআইডি' বিভিন্ন উপায়ে এই সহায়তা কর্মসূচী

পরিচালনা করে থাকে। এগুলোর মধ্যে রয়েছে, এনজিও, ঋণ প্রদান নেটওয়ার্ক, এবং বিভিন্ন অর্থায়নকারী সংগঠনগুলোকে সমর্থন প্রদান। ক্ষুদ্র ঋণ উদ্যোগে পরিচালিত প্রকল্পগুলো মূলত উন্নয়নশীল দেশগুলোতে দরিদ্র নারীদের সহায়তা করে থাকে প্রচলিত ব্যাংকিং ঋণ পাওয়ার সুবিধা যাদের অত্যন্ত সীমিত। এই প্রকল্পের মাধ্যমে তারা বর্ধিত রপ্তানী সুবিধাদির আওতায় বিশ্বায়নের সুফল লাভ করতে সক্ষম হচ্ছে।

যুক্তরাষ্ট্রের মাইক্রো এবং স্মল এন্টারপ্রাইজেস (এমএসইএস) প্রকল্প সম্প্রসারণ করা হচ্ছে এবং এটা দরিদ্র দেশগুলোর আনুষ্ঠানিক অর্থনীতির সাথে সম্পৃক্ত হচ্ছে। এই প্রকল্প নারী পুরুষসহ বিশ্বের দরিদ্র জনগোষ্ঠীর ক্ষমতায়ন ঘটাবে এবং তাদের জীবনকে বদলে দিচ্ছে। নতুন কর্মসংস্থান হচ্ছে এবং তাদের উপার্জন বৃদ্ধি পাচ্ছে, অর্থনৈতিক প্রবৃদ্ধি উর্ধ্বমুখী হচ্ছে এবং গণতান্ত্রিক সমাজ শক্তিশালী হচ্ছে। নোবেল পুরস্কার ঘোষণা করার সময় নোবেল কমিটি বলেছে, “বিশ্বের প্রতিটি মানুষের একটি সুন্দর ও সম্ভাবনাময় জীবন লাভের অধিকার রয়েছে। বিভিন্ন সংস্কৃতি এবং সভ্যতার মাঝে ইউনুস এটা দেখিয়েছেন যে দরিদ্রদের মধ্যে দরিদ্রতমরা তাদের নিজের জীবন উন্নয়নের জন্য কাজ করতে পারে।”

দারিদ্র্য বিমোচন এবং দরিদ্র জনগোষ্ঠীর ক্ষমতায়নের ক্ষেত্রে ক্ষুদ্র ঋণ যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, নোবেল পুরস্কার তারই একটি স্বীকৃতি। নোবেল কমিটি তার ঘোষণায় বলেছে, “বিশাল জনগোষ্ঠী দারিদ্র্যের শেকল থেকে বেরিয়ে আসার পথ খুঁজে না পেলে স্থায়ী শান্তি অর্জন করা সম্ভব নয়। ক্ষুদ্র ঋণ হচ্ছে এই দারিদ্র্য থেকে বেরিয়ে আসার একটি পথ। তৃণমূল পর্যায় থেকে উন্নয়নকে উপরে নিয়ে যেতে পারলে সেটা গণতন্ত্র ও মানবাধিকারেরও বিকাশ ঘটাবে।” মুহাম্মদ ইউনুস এবং গ্রামীণ ব্যাংক তৃণমূল পর্যায় থেকে অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়ন ঘটানোর পরিস্থিতি সৃষ্টিতে অবদান রেখেছেন। উদ্ভাবনশীল ক্ষুদ্র ঋণের মাধ্যমে দারিদ্র্য বিমোচন এবং সমৃদ্ধি আনয়নের প্রচেষ্টার জন্য আমরা তাদেরকে সালাম জানাই। ভবিষ্যতে ডঃ ইউনুস এবং ক্ষুদ্র ঋণদানকারী সংগঠনগুলোর সাথে সহযোগিতার মাধ্যমে কাজ করার জন্য আমরা প্রস্তুত রয়েছি।

=====

*\*(ওয়ারশিংটন ফাইল যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দফতরের অফিস অব ইন্টারন্যাশনাল ইনফরমেশন প্রোগ্রামস-এর একটি প্রকাশনা।)*

জিআর/ ১৩ই ডিসেম্বর, ২০০৬

**দ্রষ্টব্য:** এই নিবন্ধের ইংরেজি ভাষা 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষাটি পেতে অগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার' প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto:DhakaPA@state.gov) এবং Website: [dhaka.usembassy.gov](http://dhaka.usembassy.gov) এ যোগাযোগ করুন।